দামুড়হুদা জয়রামপুরে দুটি ফার্মাসীতে ভ্রাম্যমান আদালতে জরিমানা

দামুড়হুদা জয়রামপুরে ভ্রাম্যমান আদালতের অভিযান শেখ হারবাল সহ দুই দোকানে জরিমানা করা হয়েছে রবিবার বিকালে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঠালতলা ও জয়রামপুর স্টেশন বাজারে দীর্ঘ সময় ধরে চলে ঔষধ প্রশাসনের অভিযান।

এই অভিযান চলাকালে জয়রামপুর কাঁঠালতলা বাজারে শেখ মেডিকেলে মেয়াদ উত্তীর্ণ ঔষধের জন্য ৩ হাজার টাকা জরিমানা করা হয়। শেখ মেডিকেলের মালিক ইমতিয়াজ হোসেনের বড় ভাই ডাক্তার ইমরানকে চিকিৎসা দেওয়ার কোন অনুমতি না থাকা সত্ত্বেও চিকিৎসা দেওয়ার কারণে ৫০০০ টাকা জরিমানা করা হয়।

এছাড়া জয়রামপুর রেলস্টেশন বাজারে ফিরোজ মেডিকেলে মেয়াদোত্তীর্ণ ঔষধ এর জন্য ১৫শত টাকা জরিমানা করা হয়। এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা সহকারি ঔষধ প্রশাসন কে, এম, মুহনীনিন মাহবুব। এ অভিযানে সহকারী হিসেবে অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস।

এই বিষয়ে চুয়াডাঙ্গা সহকারি ঔষধ প্রশাসনের কাছে জানতে চাইলে তিনি বলেন, মানুষের মৌলিক চাহিদার একটি হচ্ছে চিকিৎসা। এই দেশের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিরলস কাজ করে চলেছে । আপনারাও সচেতন হন। পরবর্তীতে তারা যেন বিনা অনুমতিতে চিকিৎসা ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রি না করে সেই দিকে লক্ষ্য রাখবেন। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।